

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬৮/২০১৪

অভিযোগকারী : নাগিস আক্তার

পিতা-আব্দুল হালিম

১ নং পাথর ঘাটা

রিজার্ভ বাজার

থানা-কোতয়ালী, জেলা-রাঙ্গামাটি।

প্রতিপক্ষ : হাফেজ নজরুল ইসলাম নঈমী

অধ্যক্ষ

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

রাঙ্গামাটি সিনিয়র মাদ্রাসা, রাঙ্গামাটি।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৬-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী নাগিস আক্তার ১৫-০৬-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে হাফেজ নজরুল ইসলাম নঈমী, অধ্যক্ষ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাঙ্গামাটি সিনিয়র মাদ্রাসা, রাঙ্গামাটি পার্বত্য জেলা বরাবরে রেজিস্ট্রার ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

রাঙ্গামাটি সিনিয়র মাদ্রাসায় সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) নিয়োগ পরীক্ষা সংশ্লিষ্ট

- ক) ০৪-০৪-২০১৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) পদের নিয়োগ পরীক্ষা বাতিলের রেজুলেশন।
- খ) ২৬-০১-২০১৪ খ্রিঃ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে দৈনিক পত্রিকায় প্রকাশিত সকল বিজ্ঞপ্তি সমূহ।
- গ) ০৩-০৫-২০১৪ খ্রিঃ আবেদন যাচাই-বাছাই কমিটির রেজুলেশন।
- ঘ) সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) পদে ০৩-০৫-২০১৪ খ্রিঃ অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণকারী ০৫ (পাঁচ) জন প্রতিযোগীর আবেদনপত্র সংযুক্ত সার্টিফিকেট সহ।
- ঙ) ২৪-০৫-২০১৪ খ্রিঃ প্রভাষক নিবন্ধনকারীকে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ অনুমোদনের রেজুলেশন।
- চ) প্রভাষক নিবন্ধনকারীর অনুকূলে সহকারী শিক্ষক হিসেবে ইস্যুকৃত নিয়োগপত্র।
- ছ) প্রভাষক নিবন্ধনকারীর সহকারী শিক্ষক হিসেবে যোগদানপত্র।
- জ) ০৩-০৫-২০১৪ খ্রিঃ অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষার পূর্বে ফেরত নেওয়া আমার অনুকূলে ইস্যুকৃত ইন্টারভিউ কার্ড।

০২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আটিআই) তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ না করে ফেরৎ পাঠালে তিনি ২৪-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৭-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয় এবং ২৬-০৮-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

(অ:প্:দ্র:)

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারীর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব গফুর বাদশা ও প্রতিপক্ষের পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব সৌরেন দে হাজির। অভিযোগকারীর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ না করে ফেরৎ পাঠালে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৬। প্রতিপক্ষের পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত না হওয়ায় তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীর তথ্য সরবরাহ করবেন মর্মে নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত হননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) পক্ষে বিজ্ঞ আইনজীবী অভিযোগকারীর প্রার্থিত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৭-০৯-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য অধ্যক্ষ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাঙ্গামাটি সিনিয়র মাদ্রাসা, রাঙ্গামাটি পার্বত্য জেলা-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার